# মাজার ভাঙা ও লাশ পোড়ানো রাসুলের শিক্ষা নয়: রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, মাজার ভাঙা এবং লাশ পুড়িয়ে দেওয়া মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর শিক্ষা নয়।
শনিবার (৬ সেপ্টেম্বর) সকালে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আয়োজিত এক মিলাদ ও দোয়া মাহফিলে তিনি এই মন্তব্য করেন।
রুহুল কবির রিজভী বলেন, আমরা আজ গণতন্ত্র ও রাষ্ট্রীয় চেতনার কথা বলি। অথচ পৃথিবীর ইতিহাসে আরব দেশের সেই মহামানব আমাদের জন্য আদর্শ রেখে গেছেন। কিন্তু আমরা তাঁর শিক্ষা গ্রহণ না করে নিজেদের ধর্ম ও ইসলামকে বিভিন্ন ফেরকা, বিভাজন ও নানা ধরনের কথায় বিভক্ত করছি। তিনি বলেন, আমাদের মহানবী (সা.) ছিলেন ঐক্যের প্রতীক।
বিএনপির এই নেতা বলেন, মহানবী (সা.) আল্লাহর কাছ থেকে পাওয়া বাণী মানবজাতির মাঝে ছড়িয়ে দিয়েছেন এবং রেখে গেছেন এক অনন্য আদর্শ। তাঁর ব্যক্তিত্ব ও চারিত্রিক গুণাবলিই ছিল অনুকরণীয়। রুহুল কবির রিজভী মনে করেন, যদি আমরা সামান্যতমও তা অনুকরণ ও লালন করতাম, তবে এ দেশে অন্যায়-অপরাধ, কুপ্রবৃত্তি, পাপাচার, হানাহানি ও রক্তারক্তি অনেক আগেই বন্ধ হয়ে যেত।
মিলাদ মাহফিলে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিএনপির যুগ্ম মহাসচিব খায়রুল কবির খোকন, অ্যাডভোকেট আব্দুস সালাম আজাদ এবং কেন্দ্রীয় নেতা মীর শরাফত আলী শফু।
দোয়া ও মোনাজাত পরিচালনা করেন ওলামা দলের আহ্বায়ক মাওলানা সেলিম রেজা।

LENS ASIA